LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বুধবার ৬ই **সেপ্টেম্বর ২০১৭ ইং**

দরবৃদ্ধির শীর্ষে এটলাস বাংলাদেশ

ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) গতকাল এটলাস বাংলাদেশ লিমিটেডের শেয়ারদর ৯ দশমিক ৯৮ শতাংশ বেড়েছে। দিন শেষে স্টক এক্সচেঞ্জটির দরবৃদ্ধির তালিকায় এক নম্বরে উঠে আসে প্রকৌশল খাতের সরকারি কোম্পানিটি।পর্যবেক্ষণে দেখা যায়, গত প্রায় দুই বছর ধরে এটলাস বাংলাদেশের শেয়ারদর ১০০ থেকে ১৫৫ টাকার মধ্যে ওঠানামা করছে। মাঝে বেশ কয়েকবারই লেনদেন বাড়ছিল। বাজার সংশ্লিষ্টরা মনে করছেন, বর্তমান সময়ে বার্ষিক ফলাফল ও লভ্যাংশ ঘোষণাকে কেন্দ্র করে কোম্পানিটির শেয়ারে কিছু বিনিয়োগকারীর আগ্রহ বেড়েছে।ডিএসইতে সর্বশেষ ১৩৫ টাকা ৫০ পয়সায় এটলাস বাংলাদেশের শেয়ার হাতবদল হয়। সমাপনী দরও একই ছিল। আগের কার্যদিবসে সমাপনী দর ছিল ১২৩ টাকা ২০ পয়সা। গত এক বছরে শেয়ারটির সর্বোচ্চ দর ছিল ১৫৩ টাকা ও সর্বনিম্ন ১০৫ টাকা। সর্বশেষ অনিরীক্ষিত আর্থিক প্রতিবেদন অনুসারে, ২০১৬-১৭ হিসাব বছরের প্রথম তিন প্রান্তিকে (জুলাই-মার্চ) প্রতিষ্ঠানটি শেয়ারপ্রতি ১ টাকা ৭১ পয়সা লোকসান করেছে, যেখানে আগের বছর একই সময়ে লোকসান ছিল ১ টাকা ২৯ পয়সা। গত ৩১ মার্চ কোম্পানিটির শেয়ারপ্রতি নিট সম্পদমূল্য (এনএভিপিএস) দাঁড়ায় ১৬৬ টাকা।http://bonikbarta.net

২ কোটি টাকার রাজস্ব আহরণ

খুলনা মহানগরীর জোড়াগেট পশুর হাটে এবারের ঈদে ৮ হাজার ৪০৩টি পশু বিক্রি হয়েছে। আর পশু বিক্রির হাসিল বাবদ খুলনা সিটি করপোরেশনের (কেসিসি) রাজস্ব আহরণ হয়েছে ২ কোটি ১০ লাখ ৩০ হাজার ৩৪৩ টাকা।কেসিসি সূত্র জানায়, গত ২৬ আগস্ট জোড়াগেট পশুর হাটটির উদ্বোধন করা হয়। এ হাটে আনুষ্ঠানিকভাবে বেচাকেনা শুরু হয় ২৭ আগস্ট থেকে। হাট শেষ হয় ঈদের দিন সকালে। এবার হাট থেকে রাজস্ব আদায়ের লক্ষ্য ধরা হয়েছিল ২ কোটি ১০ লাখ টাকা। এ হিসাবে লক্ষ্যমাত্রার অতিরিক্ত ৩০ হাজার ৩৪৩ টাকা বেশি রাজস্ব আহরণ হয়েছে।গত বছরের তুলনায় এবার জোড়াগেট পশুর হাট থেকে কেসিসির রাজস্ব আহরণের পরিমাণ বেড়েছে। অবশ্য ২০১২ সালের হিসাব বাদ দিলে ২০১০ সাল থেকেই রাজস্ব আহরণের ধারা ঊর্ধ্বমুখী রয়েছে। ২০১০ সাল থেকে পরবর্তী ছয় বছরে এ হাট থেকে আহরিত রাজস্বের পরিমাণ ছিল যথাক্রমে ৯১ লাখ ৭৬ হাজার টাকা, ৯৭ লাখ ৪৪ হাজার টাকা, ৯২ লাখ ৭০ হাজার টাকা, ১ কোটি ১৩ লাখ ৪৫ হাজার টাকা, ১ কোটি ৪৯ লাখ ৮৭ হাজার টাকা ও ১ কোটি ৯৩ লাখ ৩৩ হাজার টাকা। আর গত বছর হাটটি থেকে কেসিসির রাজস্ব আসে ১ কোটি ৯৪ লাখ টাকা।http://bonikbarta.net

কর্মচাঞ্চল্যে ফেরেনি বেনাপোল আমদানি-রফতানিতে ধীরগতি

ঈদুল আজহার টানা তিনদিন ছুটি শেষে সোমবার অফিস খুললেও দেশের বৃহত্তম স্থলবন্দর বেনাপোলে এখনো কর্মচাঞ্চল্য ফেরেনি। সোমবার সকালে বেনাপোল-পেট্রাপোল দিয়ে বাংলাদেশ ও ভারতের মধ্যে আমদানি-রফতানি চালু হয়েছে বটে, তবে এর পরিসর ছিল খুবই সীমিত। আগামী সপ্তাহের আগে বন্দরে কর্মচাঞ্চল্য ফিরবে না বলে ধারণা করছেন বন্দর ব্যবহারকারীরা।কাস্টমস ও বন্দর সূত্রে জানা গেছে, ঈদুল আজহা উপলক্ষে ৩১ আগস্ট থেকে ৪ সেপ্টেম্বর সকাল পর্যন্ত বেনাপোল দিয়ে আমদানি-রফতানি বন্ধ ছিল। সোমবার ছুটি শেষে অফিস খুললেও গতকাল পর্যন্ত লোকজনের উপস্থিতি ছিল খুবই কম। অনেক কর্মকর্তার চেয়ারই খালি দেখা গেছে। রফতানিমুখী কয়েকটি পণ্য ছাড়া এ দুদিন বন্দর থেকে তেমন কোনো পণ্য খালাস হয়নি।http://bonikbarta.net

পিয়ংইয়ংয়ের হুমকির প্রভাব পড়ছে দক্ষিণ কোরিয়ার অর্থনীতিতে

উত্তর কোরিয়ার ক্রমবর্ধমান পরমাণু কর্মসূচি দীর্ঘদিন ধরেই কোরীয় উপদ্বীপে একটি যুদ্ধ পরিস্থিতি তৈরি করে রেখেছে। যুদ্ধের ঝুঁকি আঞ্চলিক অর্থনীতিতে বিরূপ প্রভাব রাখতে পারে, সে আশঙ্কা সত্ত্বেও হুমকি অবজ্ঞা করে আসছিলেন বিনিয়োগকারীরা। পিয়ংইয়ংয়ের সর্বশেষ পারমাণবিক অস্ত্র পরীক্ষা এরই মধ্যে বৈশ্বিক স্থিতিশীলতাকে বড় ধাক্কা দিয়েছে; যার মধ্য দিয়ে দক্ষিণ কোরিয়ার অর্থনীতিতে সীমিত কিন্তু সম্ভাব্য অর্থনৈতিক ক্ষতির লক্ষণ দেখা দিয়েছে। খবর ব্লুমবার্গ।কোরীয় দ্বীপপুঞ্জের ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে দক্ষিণ কোরিয়ার পর্যটন খাতের ক্ষত স্পষ্ট হয়ে উঠেছে। এ পরিস্থিতিতে দেশটির বর্ধমান ভোক্তা আস্থা হ্রাস পেতে পারে। দ্রুতই ভূরাজনৈতিক উত্তেজনার সমাধান হচ্ছে না বলে সতর্ক করেছেন নীতিনির্ধারকরা। তা সত্ত্বেও চলতি বছর জিডিপি প্রবৃদ্ধি ৩ শতাংশ হবে বলে পূর্বাভাস দিয়েছে সিউল।বর্তমান পরিস্থিতি নিয়ে সোমবার দক্ষিণ কোরিয়ার অর্থমন্ত্রী কিম ডং-ইয়েউন বলেন, উত্তর কোরিয়া সমস্যার মৌলিক সমাধান সহজ হবে না, যার কারণে আর্থিক বাজারে এর প্রভাব দীর্ঘস্থায়ী হবে এবং অর্থনীতিতে এর নেতিবাচক প্রভাব পড়তে পারে।http://bonikbarta.net

সরবরাহ সংকটে বাড়ছে হলুদের দাম

ভোগ্যপণ্যের পাইকারি বাজার চট্টগ্রামের খাতুনগঞ্জে মসলাজাতীয় পণ্য শুকনা হলুদের দাম বেড়েছে। গত এক সপ্তাহে পণ্যটির দাম বেড়েছে কেজিতে ১০ টাকা। আমদানি কমে আসায় সরবরাহ সংকট তৈরি হওয়ায় পণ্যটির দাম বাড়ছে বলে জানিয়েছেন বাজারসংশ্লিষ্টরা।গতকাল খাতুনগঞ্জের মসলার আড়তে খোঁজ নিয়ে জানা যায়, বাজারে প্রতি কেজি ভারতীয় হলুদ বিক্রি হয়েছে ১২৫-১২৮ টাকা। দুই সপ্তাহ আগে এ হলুদের দাম ছিল ১১৮-১২০ টাকা।ভারতীয় হলুদের দাম সম্পর্কে মেসার্স রাব্বি ট্রেডার্সের স্বত্বাধিকারী দেলোয়ার জাহান জানান, মৌসুমের শেষ দিকে হলুদের বাজার নির্ভর করে ভারত থেকে আমদানিকৃত হলুদের ওপর। প্রায় এক মাস ধরে ভারতের বাজারে হলুদের দাম বাড়ছে। এতে দেশে হলুদের আমদানি কমেছে। তাই সরবরাহ সংকটে পণ্যটির দাম বেড়েছে।http://bonikbarta.net

শেয়ার লেনদেনে জনপ্রিয় হচ্ছে মোবাইল অ্যাপস

নব্বইয়ের দশকে পুঁজিবাজারে কাগুজে শেয়ার লেনদেন হতো। মতিঝিলের শাপলা চত্বরের আশপাশে বস্তাভর্তি কাগুজে শেয়ার নিয়ে ডাক হাঁকতেন মালিক। দরদামে ক্রেতার মনোযোগ আকৃষ্ট হলে শেয়ার লেনদেন হতো। কাগুজে শেয়ার কেনার পর প্রক্রিয়া শেষে লেনদেন সম্পন্ন হতো। এখন সেই দৃশ্য পাল্টেছে। আগের অবস্থা আর নেই। নব্বইয়ের দশকের শেষ দিকে অটোমোটেড বা স্বয়ংক্রিয় লেনদেন ব্যবস্থায় কাগুজে শেয়ারকে বিদায় জানিয়ে ডিজিটাল পদ্ধতিতে শেয়ার লেনদেন চালু হয়।http://www.kalerkantho.com

মূলধন খেয়ে ফেলেছে রাষ্ট্রায়ত্ত ৫ ব্যাংক

রাষ্ট্রায়ত্ত পাঁচটি ব্যাংক এবং একটি বেসরকারি ব্যাংকের আর্থিক ভিত্তির দুর্বলতা ক্রমেই প্রকট আকার ধারণ করেছে। এসব ব্যাংক ঋণের মান অনুযায়ী নিরাপত্তা সঞ্চিতি রাখতে গিয়ে আর্থিক ব্যবস্থাপনায় পুরো হোঁচট খেয়েছে।এর ফলে ব্যাংকগুলো নিজের মূলধন তো হারিয়েছেই, উপরন্তু ১৫ হাজার কোটি টাকার ঘাটতিতে পড়েছে। খাত সংশ্লিষ্ট বিশিষ্টজনরা বলছেন, ব্যাংকিং খাতের করুণ পরিণতি শুরু হয় ২০০৯ সালে।রাজনৈতিক বিবেচনায় ব্যাংকের এমডি-চেয়ারম্যান নিয়োগ দেয়ার পর থেকে এমন দশা সৃষ্টি হয়েছে। এর আগে ব্যাংকিং খাতে মূলধন ঘাটতি এতটা প্রকট ছিল না।জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর খোন্দকার ইব্রাহিম খালেদ যুগান্তরকে বলেন, রাষ্ট্রায়ত্ত ব্যাংক থেকে ঋণের নামে সব টাকা বের করে নিয়ে গেছে। এসব টাকা ফেরত আসার সম্ভাবনা নেই।http://www.jugantor.com